৩/৫

# ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

www.wewb.gov.bd

# প্রবাসী কল্যাণ ডেস্ক

**(হযরত শাহজালাল, শাহ আমানত, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর)**

---

# স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউরস (এসওপি)

# (ব্যবহার নির্দেশিকা)

**প্রবাসবন্ধু কল সেন্টার (টোল ফ্রি, ১৬১৩৫)**
**বিদেশ থেকে ০৯৬১০১০২০৩০**

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন

রমনা, ঢাকা - ১০০০।

## ১.০ ভূমিকা:

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড সরকারের একটি সংবিধিবদ্ধ সংস্থা, যার রূপকল্প হলো, প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের জন্য কল্যাণ নিশ্চিত করা।

## ১.১ পটভূমি

০১ জুলাই/১৯৯২ সালে অনুষ্ঠিত ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিলের ১ম বোর্ড সভায় বোর্ডের অর্থায়নে প্রবাসী কল্যাণ ডেস্ক স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল বিধিমালা, ২০০২ বিধি ৭(গ) অনুসারে বিমানবন্দরে প্রবাসী কর্মীদের গমনাগমনকালে বিভিন্ন আনুষ্ঠানিকতা সম্পাদনের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ডেস্কের কার্যক্রম শুরু হয়। বর্তমানে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন, ২০১৮ ধারা ৮(৫) ''অভিবাসী কর্মীদের সহায়তা প্রদানের লক্ষ্যে বিমানবন্দরে এবং প্রয়োজনে অন্যান্য বহির্গমন ও প্রত্যাগত স্থানে প্রবাসী কল্যাণ ডেস্ক ও পরিচালনা'' এর প্রদত্ত ক্ষমতাবলে দেশের সকল আন্তর্জাতিক বিমানবন্দরে বিদেশগামী ও প্রত্যাগত অভিবাসী কর্মীদের কল্যাণ ও সেবামূলক কার্যাদি সম্পাদনের নিমিত্ত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর তত্ত্বাবধানে ''প্রবাসী কল্যাণ ডেস্ক'' পরিচালিত হচ্ছে।

## ২.০ প্রবাসী কল্যাণ ডেস্ক

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় মোট ০৬ (ছয়) টি ডেস্কের কার্যক্রম চলমান আছে। ডেস্ক গুলোর অবস্থান টার্মিনাল-২ এর বহির্গমন কনকোর্স হলে মেইন, টার্মিনাল-২ এর বহির্গমন ইমিগ্রেশন কাউন্টার সংলগ্ন, টার্মিনাল-১ এর উত্তর পার্শ্বে বহির্গমন ইমিগ্রেশন কাউন্টার সংলগ্ন, টার্মিনাল-১ এর দক্ষিণ পার্শ্বে বহির্গমন ইমিগ্রেশন কাউন্টার সংলগ্ন, আগমনী ইমিগ্রেশন হলে পর্যটন ডিউটি ফ্রি শপ এর দক্ষিণ পার্শ্বে, আমদানী কার্গো ভবন। হযরত শাহ আমানত বিমানবন্দর, চট্টগ্রামে ০১ (এক) টি এবং ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেটে ০১ (এক) টি ডেস্কের মাধ্যমে সেবা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

## ৩.০ প্রবাসী কল্যাণ ডেস্কের কার্যক্রম:

- বিদেশগামী কর্মীদের প্রয়োজনে বোর্ডিং কার্ড সংগ্রহ ও পূরণসহ অন্যান্য সহযোগিতা প্রদান;
- প্রবাসগামী বৈধ কর্মীর বর্হিগমন ছাড়পত্র যাচাইপূর্বক বিদেশ গমনে সহায়তা প্রদান;
- কোন প্রবাসী কর্মী অসুস্থ হয়ে দেশে ফেরত আসলে অথবা বিমানবন্দরে এসে অসুস্থ হলে তাঁকে তাৎক্ষণিক চিকিৎসার জন্য নিকটস্থ সরকারী হাসপাতালে প্রেরণপূর্বক সুচিকিৎসা নিশ্চিতের ব্যবস্থা গ্রহণ;
- বিমানবন্দরে অপেক্ষমাণ কল্যাণ বোর্ডের নিজস্ব অ্যাম্বুল্যান্সে অসুস্থ কর্মীদের হাসপাতালে স্থানান্তর এবং অতিরিক্ত প্রয়োজনে ভাড়ায় চালিত এ্যাম্বুলেন্সের ব্যবস্থা গ্রহণ ;
- হাসপাতালে অসুস্থ কর্মীদের প্রাথমিক চিকিৎসা খরচ কল্যাণ বোর্ড বহন করবে ;
- গুরুতর অসুস্থ রোগীর ক্ষেত্রে রোগের ধরণ অনুযায়ী বিশেষায়িত সরকারী হাসপাতালে প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- প্রত্যাগত/জেল/আউট পাশ নিয়ে আগত প্রবাসী কর্মীকে প্রয়োজনীয় খাদ্য ও পানীয় সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
- প্রত্যাগত/জেল/আউট পাশ নিয়ে ফেরত আসা কর্মীগণের চাহিদা ও সঠিকতা নিরূপণ করে গৃহে প্রত্যাবর্তনের নিমিত্ত গাড়ী ভাড়া বাবদ আর্থিক সহায়তা প্রদান;

- মানসিকভাবে অসুস্থ প্রত্যাগত কর্মীকে জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট বা এ সংক্রান্ত অন্যান্য সরকারী হাসপাতালে প্রেরণের ব্যবস্থাকরণ;
- বিদেশ গমনাগমনকালে কোন কর্মী বিমানবন্দরে মৃত্যুবরণ করলে মৃতদেহ বাড়ীতে প্রেরণ ও আর্থিক অনুদান প্রদানের ব্যবস্থা গ্রহণ;
- পিতৃ/মাতৃ পরিচয়হীন বা পরিত্যক্ত প্রবাস ফেরত শিশুকে কল্যাণ ডেস্কের নিয়ন্ত্রণে আনয়ন এবং সরকারের সমাজসেবা অধিদপ্তরভুক্ত শিশু সদন /এতিমখানায় প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- যুদ্ধাবস্থা, প্রাকৃতিক দুর্যোগ, নিয়োগকারী প্রতিষ্ঠান বা কোম্পানী লে-অফ, লে-আউট বা প্রতিষ্ঠানের আর্থিক দুরাবস্থা বা অন্য কোনো জরুরি পরিস্থিতির কারণে প্রত্যাগত অভিবাসী কর্মীদের ক্ষেত্রবিশেষে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান;
- বিদেশগামী ও প্রবাস ফেরত কর্মীদের "বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার" (BWEC)- এ সাময়িক অবস্থানের (প্রয়োজনীয় ক্ষেত্রে) ব্যবস্থাকরণ;
- প্রবাস ফেরত অসুস্থ কর্মীর সাথে আগত সংশ্লিষ্ট দেশের চিকিৎসক/নার্স/অ্যাটেনডেন্টকে বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারে (BWEC)-এ সাময়িকভাবে অবস্থানের ব্যবস্থা গ্রহণ;
- মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ ৩৫ হাজার টাকার চেক প্রদান;
- আহত ও অসুস্থ কর্মীদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;
- মৃতদেহ গ্রহণপূর্বক স্বজনদের নিকট হস্তান্তর করণ;
- প্রবাস ফেরত কর্মীর প্রয়োজনে বিমাবন্দরে কাস্টমস ক্লিয়ারেন্সে সহযোগিতা প্রদান এবং বিমানবন্দরে ল্যাগেজ/মালামাল হারিয়ে গেলে এয়াপোর্টের Lost and Found বিভাগকে অবহিত করে ল্যাগেজ প্রাপ্তিতে সহায়তাকরণ;
- বিভিন্ন দেশ হতে নির্যাতিত/নিপীড়িত/প্রতারিত ফেরত কর্মীর অভিযোগ গ্রহণ এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ (ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সংস্থায় প্রেরণ);
- বিমানবন্দরে যেকোন জরুরী পরিস্থিতিতে প্রবাস ফেরত ও প্রবাসগামী কর্মীকে সহায়তা প্রদানের লক্ষ্যে বিমানবন্দরস্থ অন্যান্য সংস্থার সাথে সমন্বয় সাধন;
- প্রবাসগামী ও প্রবাস ফেরত কর্মীদের নিকট অত্র মন্ত্রণালয় ও তার নিয়ন্ত্রনাধীন সংস্থাসমূহের কল্যাণমূলক সেবা/কার্যাবলি অবহিতকরণ;
- যে সকল সেবা প্রদানে আর্থিক সংশ্লেষ আছে, সে সকল সেবাগ্রহীতার নাম, মোবাইল নং ও পাসপোর্ট নম্বর এবং বিএমইটি'র ক্লিয়ারেন্স নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) একটি রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে।

(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (অতিঃ সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়